গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
প্রতিবন্ধী ভাতা শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪. ৭৫২ তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ / ১৩ নভেম্বর ২০২৪

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধিকরণ এবং সংশ্লিষ্ট এলাকায় ব্যাপক প্রচার প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.২৭.০০৪.২২.৬৩৫ তারিখ: ০৩ অক্টোবর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরে প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা ১৫/১০/২০২৪ তারিখ হতে ১৪/১১/২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল; কিন্তু মাঠপর্যায়ে এখনো অনেক প্রতিবন্ধী ব্যক্তি অনলাইনে আবেদন করতে পারেননি মর্মে জানা যায়। তাদের সুবিধার্থে আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধি করা হলো। পূর্বের অনলাইনে আবেদন গ্রহণের সকল শর্তাবলী বলবৎ থাকবে।

উল্লিখিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা তার কর্ম এলাকায় DIS এর অন্তর্ভুক্ত প্রতিবন্ধী ব্যক্তিদের অনলাইনে আবেদনের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

১৩.১১.২০২৪
(মো: মোশাররফ হোসেন)
পরিচালক
সামাজিক নিরাপত্তা
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
☎ ০২-৪৪৮২৬৮০১

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম জেলা, খাগড়াছড়ি/রাঙামাটি/বান্দরবন;
৩. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. জেলা প্রশাসক (সকল);
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল);
৭. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়;
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..................;
৯. উপজেলা সমাজসেবা অফিসার (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়...............;
১০. সমাজসেবা অফিসার (সকল), শহর সমাজসেবা কার্যালয়..................;
১১. অফিস কপি।